



সম্পাদক  
শাহদত চৌধুরী

নির্বাহী সম্পাদক  
মোহসিউল আদিনান  
ওধান প্রতিবেদক  
গোলাম মোর্তেজা

প্রতিবেদক  
জয়স্ত আচার্য  
সাইফুল হাসান, বদরুদ্দোজা বাবু

সহযোগী প্রতিবেদক  
বদরুল আলম নাবিল

আসাদুর রহমান, রফিল তাপস  
প্রদায়ক

জসিম মল্লিক

প্রধান আলোকচিত্রী

তুহিন হোসেন

আলোকচিত্রী

আনোয়ার মজুমদার

নিয়মিত লেখক  
আসজাদুল কিবরিয়া, জুটন চৌধুরী  
ফাহিম হুসাইন, হাসান মুর্তজা  
নোমান মোহাম্মদ, জবরাব হোসেন

চট্টগ্রাম প্রতিনিধি

সুমি খান

বশেষ বিদেশ প্রতিনিধি

মাঝুন রহমান

সিলেট প্রতিনিধি

নিজামুল হক বিশুল

বিশেষ বিদেশ প্রতিনিধি

মিজানুর রহমান খান

হলিউড প্রতিনিধি

মুনাওয়ার হুসাইন পিয়াল

জার্মানি প্রতিনিধি

সরাফাউদ্দিন আহমেদ

নিউইয়র্ক প্রতিনিধি

আকবর হায়দার কিরণ

ওয়াশিংটন প্রতিনিধি

নাসিম আহমেদ

মুজুরাজ প্রতিনিধি

শাহরিয়ার ইকবাল রাজ

কম্পিউটার গ্রাফিক্স প্রধান

নূরুল করীর

শিল্প নির্দেশক

কনক আদিত্য

কর্মধ্যক্ষ

শামসুল আলম

যোগাযোগ

৯৬/৯৭ নিউ ইস্কাটন, ঢাকা-১০০০

পিএবিএক্স : ৯৩৫০৯৫১ - ৩

সার্কুলেশন/বিজ্ঞাপন : ৯৩৪৯৪৫৯

ফ্যাক্স : ৯৩৫০৯৫৪

চট্টগ্রাম অফিস : ১৪/ক, এসি ডেভ  
লেন, পাথরঘাটা, চট্টগ্রাম ৮০০০

ইমেল : s2000@dbn-bd.net

দাম : ৫০ টাকা

মিডিয়াওয়ার্ল্ড লিমিটেড

৫২ মতিবিল বা/এ, ঢাকা-১০০০-এর  
পক্ষে মাহফুজ আনন্দ কর্তৃক প্রকাশিত  
ও ট্রাঙ্কার্ফট লিঃ, ২২৯ তেজগাঁও  
শিল্প এলাকা, ঢাকা-১২০৮ থেকে মুদ্রিত।

[www.shaptahik2000.com](http://www.shaptahik2000.com)

**খ**তু চত্রের পালাবদলের খেলায় আবারও সমাগত পয়লা বৈশাখ। ঐতিহ্যবাহী বাংলা নববর্ষের প্রথম দিন। চির নতুনের কেতন উড়িয়ে পুরাতনের সকল পক্ষিলতাকে ধূয়ে-মুছে নতুন বার্তা নিয়ে বৈশাখের আগমন। যুক্তিবিধৃত প্রতিকূল এক পরিবেশের মধ্যেও তাই চারদিকে পয়লা বৈশাখকে আবাহন জানাতে চলছে প্রস্তুতি। বাঙালি বৈশাখের রূপের মাবেই খুঁজে পেতে চায় শান্তির বার্তা।

পয়লা বৈশাখ বাঙালির চিরায়ত সংস্কৃতির অবিচ্ছেদ্য অংশ। এদিন বাঙালি ধর্ম-বর্ণের পরিচয় ভূলে অবগাহন করে নববর্ষের মহানন্দে। উপলক্ষ্মি করে অভিন্ন এক নৃতাত্ত্বিক জাতিসত্ত্বে। এ কারণে বাঙালি ও পয়লা বৈশাখ যেন অভিন্ন সত্ত্ব। প্রাচীনকালে এ অঞ্চলে শকারি শালিবাহন নামক রাজার নামানুসারে শকাদ সাল গণনা করা হতো। আনুমানিক ৭৮ খ্রিস্টাব্দ থেকে শকাদ সাল গণনা শুরু হয়। এ সনের বর্ষ শুরু হতো অগ্রহায়ণ থেকে। মোগল আমলে রাজকার্য পরিচালিত হতো চন্দ্ৰবৰ্ষীয় সন হিজরি অনুসারে। মোগল সন্তাট আকবর রাজকার্যের সুবিধার জন্য হিজরি সালের সঙ্গে সামঞ্জস্য করে বাংলা সাল গণনা শুরু করেন। তবে তিনি হিজরির চন্দ্ৰ বর্ষের পরিবর্তে সৌরবর্ষ চালু করেন। মাসগুলোর নাম বাংলা মাসের নামানুসারে রাখা হয়। মূলত সন্তাট আকবরের রাজসভার বরেণ্য পদ্ধিতে হিজরি, পারস্য ও শকাদ সালের সঙ্গে সমরোচ্চ করেই বাংলা সন প্রবর্তন করেন। সন্তাট আকবরের সিংহাসন আরোহণের মাস বৈশাখ থেকে শুরু হয় বৰ্ষবরণ। তখন থেকে বৈশাখকে জাতি ধর্ম বর্ণ নির্বিশেষে নানা উৎসবের মধ্য দিয়ে আবাহন করার রীতি চালু হয়। পয়লা বৈশাখ হয়ে ওঠে বাঙালির সর্বজনীন উৎসব। তবে পয়লা বৈশাখের সর্বজনীনতাকে মলিন করতে অতীতের মতো আজ চলছে নানা তৎপরতা। সকল প্রতিকূলতাকে রূপে দিয়েই উৎসবের আমেজে বাঙালি সব সময় পয়লা বৈশাখ উদ্যাপন করেছে।

বাঙালি জাতিসত্ত্বের গৌরবদীপ্ত অঞ্চাত্রাকে তুলে ধরতে সাংগীত ২০০০ সবসময় সক্রিয় থেকেছে। এ কারণে গত বছর পয়লা বৈশাখে সাংগীত ২০০০ প্রথম বিশেষ সংখ্যাটি বের করেছে। এ বছর নববর্ষের বিশেষ সংখ্যাটি এ ধারাবাহিকতারই ফসল। আমাদের পদাঙ্ক অনুসরণ করে অনেকে এগিয়ে আসায় আমরা আরো উদীপ্তি। দেশের প্রথিত্যশা সাহিত্যিক ও উদীয়মান লেখকদের লেখায় সমৃদ্ধ এ সংখ্যাটি। এবারও আমরা অপেক্ষাকৃত নতুনদের লেখা প্রকাশে অধিক গুরুত্ব দিয়েছি।

এ বছর পয়লা বৈশাখ এমন এক সময়ে এসেছে, যখন সারা বিশ্ব ইঙ্গ-মার্কিন জোটের ইরাকের ওপর চাপিয়ে দেয়া আমানবিক যুদ্ধের বিরুদ্ধে সোচ্চার। সারা বিশ্বের মানুষের সঙ্গে আমরা বাঙালিরাও আজ প্রতিবাদমুখর। এবারের পয়লা বৈশাখ সকল অন্যায়ের বিরুদ্ধে আরো প্রতিবাদী হওয়ার অনুপ্রেণা যোগাক।

বৈশাখের রূপ ধূয়ে-মুছে নিয়ে যাক সকল গুণি ও অকল্যাণকে। বিশ্ব ও জাতীয় জীবনে বয়ে আনুক শান্তির বার্তা। সুস্থাগত ১৪১০ বঙ্গা

সাংগীত ২০০০-এর সকল পাঠক, গ্রাহক, বিজ্ঞাপনদাতা ও শুভানুধ্যায়ীদের নববর্ষের শুভেচ্ছা।

নতুন ইমেল : [s2000@dbn-bd.net](mailto:s2000@dbn-bd.net)